রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
মজুরি বোর্ড শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ/২২ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নম্বর ১৬৯-আইন/২০২০।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন "রি রোলিং মিলস" শিল্প সেক্টরের, অতঃপর উক্ত সেক্টর বলিয়া উল্লিখিত, শ্রমিক কর্মচারিদের জন্য নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক সুপারিশকৃত, নিম্নের তপশিল "ক" ও "খ" তে বর্ণিত নিম্নতম মজুরি হারকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, উক্ত সেক্টরের শ্রমিক কর্মচারিদের জন্য নিম্নতম মজুরি হার হিসাবে এতদ্দ্বারা ঘোষণা করিল, যথা :—

তপশিল "ক"

শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হার

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | ক্যাটাগরি | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-১ (উচ্চতর দক্ষ): | স্বয়ংক্রিয় | ১২৪০০/- | ৬২০০/- | ১০০০/- | ৮০০/- | ২০৪০০/- |
| ১। টার্নার | আধা স্বয়ংক্রিয় | ১০৭০০/- | ৫৩৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৭৮৫০/- |
| ২। ইলেকট্রিশিয়ান | ম্যানুয়েল/হস্তচালিত | ১০০০০/- | ৫০০০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৮০০/- |



মূল্য : টাকা ৮.০০

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | ক্যাটাগরি | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-২ (দক্ষ-১):<br>১। টংসম্যান (১নং)<br>২। ফিটারম্যান<br>৩। ফারনেসম্যান<br>৪। ফায়ারম্যান<br>৫। হুকম্যান<br>৬। ওয়েল্ডার<br>৭। মোল্ডার | স্বয়ংক্রিয় | ১১৪০০/- | ৫৭০০/- | ১০০০/- | ৮০০/- | ১৮৯০০/- |
| | আধা স্বয়ংক্রিয় | ৯৬০০/- | ৪৮০০/- | ১০০০/- | ৮০০/- | ১৬২০০/- |
| | ম্যানুয়েল/হস্তচালিত | ৮৯০০ | ৪৪৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৫১৫০/- |
| গ্রেড-৩ (দক্ষ-২):<br>১। টংসম্যান (২নং, ৫নং অথবা ফিনিস্ট স্ট্যান্ড)<br>২। ব্লাকস্মিথ<br>৩। সেপারম্যান<br>৪। চেইনম্যান<br>৫। কার্পেন্টার | স্বয়ংক্রিয় | ১০০০০/- | ৫০০০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৮০০/- |
| | আধা স্বয়ংক্রিয় | ৯২০০/- | ৪৬০০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৬০০/- |
| | ম্যানুয়েল/হস্তচালিত | ৮০০০/- | ৪০০০/- | ১০০০/- | ৮০০/- | ১৩৮০০/- |
| গ্রেড-৪ (দক্ষ-৩):<br>১। টংসম্যান (৩নং এবং ৪নং)<br>২। পুশারম্যান | স্বয়ংক্রিয় | ৮০০০/- | ৪০০০/- | ১০০০/- | ৮০০/- | ১৩৮০০/- |
| | আধা স্বয়ংক্রিয় | ৬৯০০/- | ৩৪৫০/- | ১০০০/- | ৮০০/- | ১২১৫০/- |
| | ম্যানুয়েল/হস্তচালিত | ৬৬০০/- | ৩৩০০/- | ১০০০/- | ৮০০/- | ১১৭০০/- |
| গ্রেড-৫ (আধা-দক্ষ):<br>১। লিফ্টার<br>২। গ্রিজম্যান<br>৩। অয়েলম্যান<br>৪। বিলেট কাটার<br>৫। বিলেট ক্যারিয়ার<br>৬। টোটাম্যান<br>৭। গার্ডারম্যান<br>৮। ক্রেইনম্যান<br>৯। হেমারম্যান<br>১০। পাম্প ড্রাইভার | স্বয়ংক্রিয় | ৭৩০০/- | ৩৬৫০/- | ১০০০/- | ৮০০/- | ১২৭৫০/- |
| | আধা স্বয়ংক্রিয় | ৬৮০০/- | ৩৪০০/- | ১০০০/- | ৮০০/- | ১২০০০/- |
| | ম্যানুয়েল/হস্তচালিত | ৬৫০০/- | ৩২৫০/- | ১০০০/- | ৮০০/- | ১১৫৫০/- |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | ক্যাটাগরি | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-৬ (অদক্ষ):<br>১। লেবারার<br>২। পানিওয়ালা<br>৩। টার্নার হেলপার<br>৪। ফিটার হেলপার<br>৫। মোল্ডার হেলপার<br>৬। ওয়েল্ডার হেলপার<br>৭। ব্লাকস্মিথ হেলপার<br>৮। ইলেকট্রিক হেলপার<br>৯। কার্পেন্টার হেলপার<br>১০। ফায়রম্যান হেলপার<br>১১। হেলপার (বিভিন্ন ক্যাটাগরি) | স্বয়ংক্রিয় | ৬৬০০/- | ৩৩০০/- | ১০০০/- | ৮০০/- | ১১৭০০/- |
| | আধা স্বয়ংক্রিয় | ৬২০০/- | ৩১০০/- | ১০০০/- | ৮০০/- | ১১১০০/- |
| | ম্যানুয়েল/হস্তচালিত | ৫৯০০/- | ২৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১০৬৫০/- |

- **শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :**

(ক) **শিক্ষানবিশীকাল ৩ (তিন) মাস :**

তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়;

(খ) শিক্ষানবিশীকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

## তপশিল "খ"

### কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হার

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | ক্যাটাগরি | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-১ :<br>১। উচ্চমান সহকারী<br>২। হিসাবরক্ষক<br>৩। স্টোর কিপার<br>৪। ক্রয়/বিক্রয় সহকারী<br>৫। ড্রাইভার | স্বয়ংক্রিয় | ১০৮০০/- | ৫৪০০/- | ১০০০/- | ৮০০/- | ১৮০০০/- |
| | আধা-স্বয়ংক্রিয় | ১০৮০০/- | ৫৪০০/- | ১০০০/- | ৮০০/- | ১৮০০০/- |
| | ম্যানুয়েল/ হস্তচালিত | ১০৮০০/- | ৫৪০০/- | ১০০০/- | ৮০০/- | ১৮০০০/- |
| গ্রেড-২ :<br>১। হিসাব সহকারী<br>২। নিম্নমান সহকারী<br>৩। টাইম কিপার<br>৪। টাইপিস্ট<br>৫। কম্পিউটার অপারেটর<br>৬। স্টোর এসিসট্যান্ট<br>৭। টেলিফোন অপারেটর | স্বয়ংক্রিয় | ৮০০০/- | ৪০০০/- | ১০০০/- | ৮০০/- | ১৩৮০০/- |
| | আধা-স্বয়ংক্রিয় | ৮০০০/- | ৪০০০/- | ১০০০/- | ৮০০/- | ১৩৮০০/- |
| | ম্যানুয়েল/ হস্তচালিত | ৮০০০/- | ৪০০০/- | ১০০০/- | ৮০০/- | ১৩৮০০/- |
| গ্রেড-৩ :<br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। নাইটগার্ড<br>৪। মালি<br>৫। সুইপার/ক্লিনার | স্বয়ংক্রিয় | ৭০০০/- | ৩৫০০/- | ১০০০/- | ৮০০/- | ১২৩০০/- |
| | আধা-স্বয়ংক্রিয় | ৭০০০/- | ৩৫০০/- | ১০০০/- | ৮০০/- | ১২৩০০/- |
| | ম্যানুয়েল/ হস্তচালিত | ৭০০০/- | ৩৫০০/- | ১০০০/- | ৮০০/- | ১২৩০০/- |

- শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :

(ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন;

(খ) শিক্ষানবিশিকাল ০৬ (ছয়) মাস; এবং

(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

শর্তাবলি

১। তপশিল "ক" ও "খ" এ উল্লিখিত নিম্নতম মজুরি হার সমগ্র বাংলাদেশের "রি-রোলিং মিলস" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে;

২। তপশিলে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ উক্ত সেক্টরে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত হইবে;

৩। তপশিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে এবং কোনো শ্রমিককে নিম্নগ্রেডভুক্ত করা যাইবে না;

৪। এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত সেক্টরের মালিকগণ তপশিলে উল্লিখিত পদবিন্যাস ও শ্রেণি বিভাগ অনুযায়ী শ্রমিকগণকে যথাযথ গ্রেডে সন্নিবেশিত করিয়া তাহার প্রাপ্য মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন;

৫। কোনো শ্রমিককে তপশিলে উল্লিখিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না;

৬। উক্ত সেক্টরের কোনো শ্রমিককে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা অধিক হারে মজুরি প্রদান করা হইলে উহা কোন ক্রমেই হ্রাস করা যাইবে না;

৭। উক্ত সেক্টরের শ্রমিকগণ এবং নিয়োগকর্তা বা মালিকপক্ষের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিককে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারের অধিক হারে মজুরি নির্ধারণ ও প্রদান করা যাইবে;

৮। কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে উক্ত সেক্টরে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইলে তিনিও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী 'শ্রমিক' হিসাবে গণ্য হইবেন। কোন ঠিকাদার কোন শ্রমিককে নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না। উক্ত সেক্টরের কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট হইতে প্রাপ্য মজুরি প্রাপ্তির ক্ষেত্রে কোনো সমস্যার সম্মুখীন হইলে তাহার দায়দায়িত্ব সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট মালিকের উপর বর্তাইবে;

৯। উক্ত সেক্টরে শ্রমিক সরবরাহ বা নিয়োগের জন্য নিয়োজিত ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান অনুযায়ী উক্ত সেক্টরের মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন;

১০। উক্ত সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরণ ভিত্তিক (Piece Rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তাহা হইলে এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত শ্রমিককে নির্দিষ্ট গ্রেডভুক্ত করিয়া নির্ধারিত নিম্নতম মজুরি প্রদান করিতে হইবে;

১১। নির্ধারিত নিম্নতম মজুরি ও ভাতাদি ছাড়াও যদি উক্ত সেক্টরের কোনো শ্রমিক অব্যাহতভাবে কোনো অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা হইলে উহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক ধারাবাহিকভাবে বলবৎ ও অব্যাহত থাকিবে;

১২। উক্ত সেক্টরে উল্লিখিত নিম্নতম মজুরি সমন্বয় করিয়া ০১(এক) বৎসর কর্মরত থাকার পর শ্রমিকগণের মূল মজুরির ৫% হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরে ক্রম বর্ধমান হারে পুনরায় মূল মজুরি ৫% হারে বৃদ্ধি পাইবে। "রি-রোলিং মিলস" শিল্প সেক্টরে ফুরণ ভিত্তিক (Piece rate) মজুরিতে কর্মরত শ্রমিকগণও বাৎসরিক ভিত্তিতে মূল মজুরির ৫% হারে মজুরি বৃদ্ধির সুবিধা পাইবে;

ব্যাখ্যা : যদি একজন শ্রমিকের মূল মজুরি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৫,২৫০/- (পাঁচ হাজার দুইশত পঞ্চাশ) টাকা নির্ধারিত হইবে। পরবর্তী বৎসরে ক্রম বর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৫,২৫০/- (পাঁচ হাজার দুইশত পঞ্চাশ) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৫৫১২.৫০ (পাঁচ হাজার পাঁচশত বারো টাকা পঞ্চাশ পয়সা) টাকা নির্ধারিত হইবে;

১৩। উক্ত সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রাপ্য হইবেন;

১৪। উক্ত সেক্টরের মালিক যদি কোনো শ্রমিকের পরিবারের জন্য আবাসন সুবিধা প্রদান করিয়া থাকেন, তাহা হইলে সেইক্ষেত্রে উক্ত আবাসন সুবিধা গ্রহণকারী শ্রমিকের ক্ষেত্রে বাড়ী ভাড়া ভাতা প্রযোজ্য হইবে না; এবং

১৫। উপরোক্ত শর্তাবলির কোনো অংশ প্রচলিত বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বেগম দিল আফরোজা বেগম
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd